

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৯

তারিখ: ৮ আষাঢ়, ১৪২৯

২২ জুন ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

২। আজ ২২ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্বাভাবিক দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর পুনঃ ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ২২ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষ বিহার, পশ্চিম বঙ্গ এবং বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে উত্তরপূর্ব দিকে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশে উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং জশাহি ও ঢাকা বিভাগের অনেক জায়গায় অস্বাভাবিকভাবে দমকা হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টির প্রবনতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৬	৩০.৭	৩৩.০	৩১.১	৩৪.৯	৩২.৬	৩৪.২	৩৩.১
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.১	২৫.৫	২৩.০	২৫.০	২৫.০	২৪.৫	২৪.৬	২৫.৪

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৪.৯^o সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুণ্ড ২৩.০^o সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে যমুনা ও গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। দেশের উত্তর-পূর্বাঞ্চলে কুশিয়ারা ও তিতাস ব্যতীত সকল প্রধান নদ-নদী সমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।

আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের অভ্যন্তরে এবং উজানের বিভিন্ন অংশে ভারী থেকে অতি ভারী বর্ষণের সম্ভাবনা কম।

আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদ-নদীসমূহের (তিতাস ব্যতীত) পানি সমতল হ্রাস পেতে পারে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পেতে পারে।

আগামী ২৪ ঘন্টায় তিস্তা নদীর পানি সমতল হ্রাস পেতে পারে, অপরদিকে ধরলা ও দুধকুমার নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।

আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও মৌলভীবাজার জেলার বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে, অপরদিকে ব্রাহ্মণবাড়িয়া জেলার বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।

আগামী ২৪ ঘন্টায় কুড়িগ্রাম, গাইবান্ধা, বগুড়া ও জামালপুর জেলার বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলার বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।

আগামী ২৪ ঘন্টায় শরীয়তপুর ও মাদারীপুর জেলার নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৬১	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৪৭	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০১	বিপদসীমার উপরে	২১
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা			১৩
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			১১

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২১ জুন, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রঃ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
১	কুড়িগ্রাম	হাতিয়া	ব্রহ্মপুত্র	২৫.৭৮	-০৪	২৪.৭৫	+১০৩
২	কুড়িগ্রাম	চিলমারী	ব্রহ্মপুত্র	২৪.২২	-০৫	২৩.৭০	+৫২
৩	কুড়িগ্রাম	কুড়িগ্রাম	ধরলা	২৬.৯১	-০১	২৬.৫০	+৪১
৪	কুড়িগ্রাম	নুনখাওয়া	ব্রহ্মপুত্র	২৬.৬৮	-০৫	২৬.৫০	+১৮
৫	গাইবান্ধা	ফুলছড়ি	ব্রহ্মপুত্র	১৯.৯৫	+০২	১৯.৩৫	+৬০
৬	গাইবান্ধা	গাইবান্ধা	ঘাগট	২২.১২	+০৫	২১.৭০	+৪২
৭	বগুড়া	সারিয়াকান্দি	যমুনা	১৭.৩৪	+০৫	১৬.৭০	+৬৪
৮	সিরাজগঞ্জ	বাঘবাড়ী	আত্রাই	১০.৪৩	+১৭	১০.৪০	+০৩
৯	সিরাজগঞ্জ	কাজিপুর	যমুনা	১৫.৮৬	+০৫	১৫.২৫	+৬১
১০	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ	যমুনা	১৩.৮৫	+০১	১৩.৩৫	+৫০
১১	জামালপুর	বাহাদুরাবাদ	যমুনা	১৯.৬২	+০২	১৯.০৫	+৫৭
১২	নেত্রকোনা	খালিয়াজুড়ি	বাউলাই	৭.০৫	-০৫	৬.৫৫	+৫০
১৩	নেত্রকোনা	কলমাকান্দা	সোমেশ্বরী	৭.২৮	-০৭	৬.৫৫	+৭৩
১৪	টাংগাইল	পোড়াবাড়ী	যমুনা	১২.৩৫	+১০	১১.৯০	+৪৫
১৫	সিলেট	কানাইঘাট	সুরমা	১৩.৭৫	-০৬	১২.৭৫	+১০০
১৬	সিলেট	সিলেট	সুরমা	১১.১১	-১০	১০.৮০	+৩১
১৭	সিলেট	অমলশীদ	কুশিয়ারা	১৭.৩১	+০৭	১৫.৪০	+১৯১
১৮	সিলেট	শেওলা	কুশিয়ারা	১৩.৭১	+০৩	১৩.০৫	+৬৬
১৯	সুনামগঞ্জ	দেরাই	পুরাতন সুরমা	৭.৪৪	-০৫	৬.৫৫	+৮৯
২০	সুনামগঞ্জ	সুনামগঞ্জ	সুরমা	৭.৯২	-১৫	৭.৮০	+১২
২১	ব্রাহ্মণবাড়ীয়া	ব্রাহ্মণবাড়ীয়া	তিতাস	৫.১৮	+১৯	৫.০৫	+১৩

বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
টেকনাফ	১২৩.০	কুষ্টিয়া	১১৪.০	কক্সবাজার	১০১.০
শেরপুর (সিলেট)	৭৫.০	দক্ষিণবাগ (সুনামগঞ্জ)	৫০.০	শেওলা (সিলেট)	৩৬.০

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
চেরাপুঞ্জি	২৪.০	শীলং (মেঘালয়)	১১.০	-	-

৫। অতিবৃষ্টি, পাহাড়ী ও উজান থেকে পানি আসার কারণে দেশের কয়েকটি জেলার সার্বিক বন্যা পরিস্থিতিঃ

বন্যা উপদ্রুত জেলার সংখ্যা	=	১৮	টি
বন্যা উপদ্রুত উপজেলার সংখ্যা	=	১১২	টি
বন্যা উপদ্রুত ইউনিয়ন সংখ্যা	=	৬৫৬	টি
পানিবন্দি পরিবার সংখ্যা	=	৭১৪৩২৯	টি
বন্যায় ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	=	৬২৮৫১৪৬	জন
বন্যায় মৃতের সংখ্যা	=	৩	জন
বরাদ্দকৃত জিআর চাল	=	১৭০০	মে.টন
(বিতরণ	২৯৬০.৩৭	মে.টন)	
বরাদ্দকৃত জিআর ক্যাশ	=	৩১৫০০০০০	টাকা

(বিতরণ	৩৯৬২৪০০০	টাকা)	=	০.০০	টাকা
বরাদ্দকৃত শিশুখাদ্য					
(বিতরণ	৪২৭০০০০০	টাকা)	=	০.০০	টাকা
বরাদ্দকৃত গো-খাদ্য					
(বিতরণ	৩৮৫০০০০০	টাকা)	=	০.০০	টাকা
বরাদ্দকৃত শুকনা খাবার			=	৮৭০০০	প্যাকেট
(বিতরণ	৪৩১৫৪	প্যাকেট)	=	০	বাস্তিল
বরাদ্দকৃত ডেউটিন			=	০	বাস্তিল
(বিতরণ	০	বাস্তিল)	=	০.০০	টাকা
বরাদ্দকৃত গৃহনির্মাণ মঞ্জুরী বাবদ			=	০.০০	টাকা
(বিতরণ	০.০০	টাকা)	=	২৪২২	টি
আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা			=	৪৬৫২০৫	জন
আশ্রিত লোক সংখ্যা					
** জিআর চাল, গো-খাদ্য ও শিশুখাদ্য পূর্বের মজুদ থেকে বিতরণ করা হয়েছে।					

৬। বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ১৬/০৬/২০২২খ্রিঃ থেকে ২২/০৬/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত বরাদ্দঃ

ক্রঃ নং	জেলার নাম	ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমাণ (মেঃটন)	ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)	শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমাণ (প্যাকেট/বস্তা)
১।	হবিগঞ্জ	-	১০,০০,০০০/-	২,০০০
২।	মৌলভীবাজার	১০০	১০,০০,০০০/-	২,০০০
৩।	শেরপুর	-	১০,০০,০০০/-	৪,০০০
৪।	জামালপুর	-	-	৪,০০০
৫।	নেত্রকোনা	২০০	৩০,০০,০০০/-	৮,০০০
৬।	কিশোরগঞ্জ	-	-	২,০০০
৭।	নীলফামারী	-	৫,০০,০০০/-	৩,০০০
৮।	সিলেট	১৮০০	১,৬৩,০০,০০০/-	২৫,০০০
৯।	সুনামগঞ্জ	১১২০	১৪৮,০০,০০০/-	২৭,০০০
১০।	রংপুর			৩,০০০
১১।	কুড়িগ্রাম		১০,০০,০০০/-	১,০০০
	মোট	৩২২০	৩,৮৬,০০,০০০/-	৮১,০০০

৭। বজ্রপাতঃ

ক্র.নং.	জেলার নাম	তারিখ	মৃত/আহতের নাম	বয়স	লিঙ্গ	পিতা/স্বামীর নাম	গ্রাম	ইউনিয়ন	উপজেলা	পেশা	বজ্রপাতের সময় অবস্থান ও কাজ	মৃতের সংখ্যা	মন্তব্য
১	নওগাঁ	১১-০৬-২০২২	জেহের আলী	৭০	পুরুষ	ঝুশন আলী	নারায়নপুর	তেতুলিয়া	মান্দা	কৃষক	মাঠে কাজ করার সময়	১	
		১১-০৬-২০২২	জমসেদ আলী	২৮	পুরুষ	ছ্যাপাতুল্লা	নারায়নপুর	তেতুলিয়া	মান্দা	কৃষক	মাঠে কাজ করার সময়	১	
মোট=												২	
২	জয়পুরহাট	১১-০৬-২২	আঃ হামিদ	৪৫	পুরুষ	আঃ করিম	গোপিনাথপুর	আহমেদাবাদ	কালাই	দর্জি		১	
মোট=												১	

৮। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২০ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০

৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৭	০	০
৮।	খুলনা	২	০	০
	মোট	১৯	০	০



২২-৬-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৯/১(১৭১)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯

২২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২২-৬-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা